

মেঝেটার্ড® এসি পি ইন্ডি

বাংলাদেশ



গ্রেজেট

অতিরিক্ত সংখ্যা
কৃত্তু পক্ষ কৃত্তু প্রকাশিত

বৃক্ষবার, নভেম্বর ৫, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞিপ্তি

ঢাকা, হই নভেম্বর, ১৯৮৬

নং এস.আর.ও. ৪২৭-এল/৪৬/শা-১০/নিম্ন-১৫/৪৬-১৯৬১ সালের নিম্নতম মজুরী
অধ্যাদেশ (১৯৬১ সালের ৩৯ নং অধ্যাদেশ) এর ৩(১) ধারার অন্বিধিতে প্রদত্ত ক্ষমতাবলৈ
সরকার, উপরিউক্ত অধ্যাদেশের ৫ ধারায় নির্ধারিত নিম্নতম মজুরী বোর্ডের কার্যবলী
সম্পাদনের উদ্দেশ্যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণকে সিনেমা হল শিল্প প্রতিষ্ঠানের মালিক ও উক্ত
প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক পক্ষের প্রতিনিধিত্ব করার জন্য উক্ত বোর্ডের সদস্য নিয়োগ
করিলেন, যথা : ১

মালিক পক্ষের প্রতিনিধি

জনাব জহিরুল হক,
সহ-সভাপতি,
বাংলাদেশ মোশন পিকচার্স এক্জিবিটর্স্ এসোসিয়েশন,
৯১, নওয়াব পুর রোড, ঢাকা।

শ্রমিক পক্ষের প্রতিনিধি

জনাব মোঃ আনোয়ার হোসেন,
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ চলচ্চিত্র শিল্প শ্রমিক ফেডারেশন,
১৬৩/এ, দক্ষিণ মাতিবাল বাণিজ্যিক এলাকা (দোতলা), ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মাইজুম্বিন আহমদ
উপ-সচিব।

(১০৮৪)

মুদ্র্যঃ ৩০ পৰম্পৰা

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৯

বিজ্ঞপ্তি

চাকা, ৫ই নভেম্বর, ১৯৮৬

নং এস, আর, ও, ৪২৪-এল/৮৬/শা-৯/এফ-১৯/৮৬—১৯৬৫ সালের কারখানা আইন
(১৯৬৫ সালের ৪ নং ই.পি.আইন) এর ৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ঢাকা
শিল্প এলাকার ডেমোসহ বেংগল গ্লাস লিঃ-কে উক্ত আইনের ৫০, ৫১, ৫৩, ৫৪ এবং ৫৫ ধারার
বিধানাবলী ছয় মাসের জন্য অব্যাহৃতি প্রদান করিতেছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুন্দিন আহমদ

উপ-সচিব।

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

চাকা, ৫ই নভেম্বর, ১৯৮৬

নং এস, আর, ও, ৮২৯-এল/৮৬/শা-১০/নিম্ন-২২/৮৬—১৯৬১ সালের নিম্নতম মজুরী
অধ্যাদেশ (১৯৬১ সালের ৩৯ নং অধ্যাদেশ)-এর ৬(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার
অর্থ মন্ত্রণালয়ের ১৯৮৫ সালের ১৬ই জুন তারিখের এস, আর, ও, ২৬১-এস/৮৫/শা-১০/
৩(৩)/৮৪ নং বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত সংশোধন করিলেন :—

উক্ত বিজ্ঞপ্তির তফসিলে—

(ক) প্রথম কলামে “উচ্চ দক্ষ” শ্রেণীর অন্তর্গত ও নং ক্রমিকের পর “৪। সুপার-
ভাইজার।” খুঁত হইবে :

(খ) প্রথম কলামে “অদক্ষ” শ্রেণীর অন্তর্গত ২ নং ক্রমিকের পর “৩। হেলপার” খুঁত
হইবে ; এবং

(গ) “গ্রেড ৫” এবং তৎসংশ্লিষ্ট মাল্টীয় এণ্ট্রির পর নিম্নরূপ অনুচ্ছেদটি অন্তর্ভুক্ত
হইবে, যথা :—

“গ্রেগী, এপ্রেনিটিশন মাসিক ৩৫০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবে। তাহাদের
প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৪ (চার) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা
সংশ্লিষ্ট বিভাগে আধা-দক্ষ শ্রমিক হিসাবে নিযুক্ত হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুন্দিন আহমদ

উপ-সচিব।

বিঃ দৃঃ—এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

৭৬, সেগুন বাগিচা, ঢাকা-২

“গার্মেন্টস” শিল্প প্রতিষ্ঠান

সংশোধনী বিজ্ঞপ্তির সূপারিশ, ১৯৮৬

বাংলাদেশে অবস্থিত “গার্মেন্টস” শিল্পে নিরোজিত শ্রমিকদের জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক প্রাণীত সূপারিশ সরকার কর্তৃক অনুমোদিত হইয়া গত ১৬ই জুন, ১৯৮৫ তারিখের বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে। উক্ত গেজেটে প্রকাশিত সূপারিশে সূপারভাইজার, হেল্পার, প্রেশনার ও এপ্রেন্টিসদের মজুরী নির্ধারণ করা হয় নাই। বলিন্না শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের পত্র নং খা-১০/এম. ড্রিউট-১৪/৮৬/৩০, তারিখ ১১-৩-৮৬ তে উল্লেখ করা হয় এবং উল্লেখিত শ্রমিকদের মজুরী নির্ধারণক্রমে ইহার একটি সংশোধনী বিজ্ঞপ্তি উক্ত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে বোর্ড বিবরণিত উপর গুরুত্ব দেন এবং প্রয়োজনীয় পর্যালোচনামে উক্ত সূপারিশের আংশিক সংশোধন করিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সূপারিশের প্রস্তাব পেশ করিতেছেনঃ

- ১। হেল্পারদেরকে ১৯৮৫ সালের সূপারিশের “ক” পরিচেছে বিগ্রত আদক্ষ শ্রেণীতে সংশোধিত করিয়া সেই অনুযায়ী মজুরী প্রদান করিতে হইবে।
- ২। মেইনী/এপ্রেন্টিস/শিল্পানবীশগণ মাসে ৩৫০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ কালের মেয়াদ সর্বোচ্চ ৪ (চার) মাস হইবে। প্রশিক্ষণ প্রাপ্তির পর উক্ত শ্রমিকগণ যে বিভাগের দক্ষতা অর্জন করিবেন সেই বিভাগে আধা-দক্ষ শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।
- ৩। সূপারভাইজারদেরকে ১৯৮৫ সালের সূপারিশের “ক” পরিচেছে উল্লেখিত “উচ্চতর দক্ষ” শ্রেণীর শ্রমিকদের জন্য নির্ধারিত মজুরী হইতে কোন অবস্থার কম প্রদান করা যাইবেন্না।

থাতিবুর রহমান

চেয়ারম্যান,

নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

ডঃ তাহেরুল ইসলাম

নির্দলীয় সদস্য।

কে, এব, নাসিরুল হক

মালিক পক্ষের সদস্য।

সুবেদ আলী

মালিক পক্ষের সদস্য।

মকবুল আহমেদ

শ্রমিক পক্ষের সদস্য।

খন্দকার ও বাল্ল মোকাদের, ডেপুটি কল্টোলার, বাংলাদেশ সরকারী মূল্যালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মেটে রবিউল হোসেন, ডেপুটি কল্টোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।